

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের
নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
অর্থ ও প্রশাসন



বিষয়: সিসিএ কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতদের অবহিতকরণ বিষয়ে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু সাঈদ চৌধুরী সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)
সভার তারিখ	২৪ জুন ২০২১
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা।
স্থান	অনলাইন কনফারেন্স (জুম)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সেবা গ্রহিতাদের সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপ-নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন) কে সিসিএ কার্যালয়ে সিটিজেন চার্টার বিষয়ে আলোচনা করার নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমোদনক্রমে উপ-নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন) সভাকে অবহিত করেন যে, সিটিজেন চার্টার হালনাগাদ নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী সিসিএ কার্যালয়ের সিটিজেন চার্টার হালনাগাদ করা হয়েছে। তিনি সবার জ্ঞাতার্থে সিটিজেন চার্টারের মূল বিষয়সমূহ: সেবা প্রদান প্রতিশ্রুতি (নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা), অভিযোগ ব্যবস্থাপনা পদ্ধতি এবং প্রতিশ্রুতি/কাজকর্তব্য সেবা প্রাপ্তির লক্ষ্যে করণীয় সম্পর্কে সভাকে অবহিত করেন।

০২। এ বিষয়ে বিস্তারিত আলোচনা ও সেবা গ্রহিতাদের মতামত আহ্বান করা হয়। সভাপতি মহোদয় অত্র কার্যালয়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী কাজ করার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সভাপতি সিসিএ কার্যালয়ের বাহিরে সেবা গ্রহীতা হিসেবে সিএ প্রতিষ্ঠানসমূহের মতামত আহ্বান করেন।

০৩। সেবাগ্রহীতা প্রতিষ্ঠান হিসেবে বিসিসি জানান যে, API গাইডলাইন প্রণয়ন করা প্রয়োজন। BPSCA এর সাথে একমত পোষণ করে আরো জানান যে, ডিজিটাল স্বাক্ষর বাস্তবায়নের জন্য PKI enabled Software ক্রয়ে সকল সরকারি প্রতিষ্ঠানকে উৎসাহিত করা প্রয়োজন।

সিদ্ধান্ত:

- নব যোগদানকৃত কর্মকর্তাদের তথ্যাদি ওয়েবসাইটে দ্রুত হালনাগাদ করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।
- API গাইডলাইন প্রণয়নে সিসিএ কার্যালয়কে বিসিসি সহায়তা প্রদান করবে।
- ডিজিটাল স্বাক্ষর বাস্তবায়নে PKI enabled Software ব্যবহারে উৎসাহিত করার জন্য সিসিএ কার্যালয় সরকারি দপ্তরগুলোতে পত্র প্রেরণ করবে।

০৪। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



আবু সাঈদ চৌধুরী
সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক
(সিসিএ)

স্মারক নম্বর: ৫৬.০৩.০০০০.০০১.১৬.০৮৯.১৪.৩৯৫

তারিখ: ১০ আষাঢ় ১৪২৮
২৪ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ৩) ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
- ৪) উপ-নিয়ন্ত্রক (সকল), সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৫) সিএ প্রতিষ্ঠান (সকল), ।
- ৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৭) সহকারী নিয়ন্ত্রক (সকল), সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।
- ৮) তদন্ত কর্মকর্তা/আইন কর্মকর্তা/সহকারী প্রকৌশলী/সহকারী প্রোগ্রামার/সহকারী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার(সকল), সিসিএ কার্যালয়, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭।

মোঃ খালেদ হোসেন চৌধুরী
সহকারী নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব)